অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/30/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক শহর, লং আইল্যান্ড এবং নিম্ন হাডসন উপত্যকায়, যেখানে তুষারপাত, উচ্চ বাতাস এবং উপকূলীয় বন্যা সহ ঝড় প্রভাব ফেলতে চলেছে কারণে জরুরীকালীন প্রতিক্রিয়ার জন্য সংস্থান প্রস্তুত করতে রাজ্যের সংস্থাগুলোকে নির্দেশ দিয়েছেন

12 ইঞ্চি পর্যন্ত তুষারপাত এবং 45 মাইল প্রতি ঘন্টা পর্যন্ত দমকা বাতাস ডাউনস্টেট অবস্থানে প্রভাব ফেলতে পারে বলে আশা করা হচ্ছে; সোমবার পর্যন্ত লং আইল্যান্ড এবং কুইন্সের জন্য উপকূলীয় বন্যার নজরদারী জারি করা হয়েছে

সম্ভাব্য প্রভাবের মধ্যে রয়েছে বিপজ্জনক ভ্রমণ, বিদ্যুৎ বিভ্রাট, উপকূল বরাবর নিচু এলাকার বন্যা

গভর্নর কুওমো আজ রাজ্যের সংস্থাগুলোকে জরুরী প্রতিক্রিয়ার সংস্থান প্রস্তুত করার নির্দেশ দিয়েছেন কারণ একটি সম্ভাব্য শক্তিশালী শীতকালীন ঝড় রবিবার এবং সোমবার ভারী তুষারপাত এবং উপকূলীয় বন্যার সাথে ডাউনস্টেট এলাকায় প্রভাব ফেলতে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। সিস্টেমটি 45 মাইল বাতাসের সঙ্গে নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, এবং লোয়ার হাডসন উপত্যকায় 12 ইঞ্চি পর্যন্ত বরফ সরবরাহ করতে পারে। রবিবার সন্ধ্যা থেকে শুরু করে সোমবার পর্যন্ত লং আইল্যান্ড এবং কুইন্সের কিছু অংশে উপকূলীয় বন্যা সম্ভব। বর্তমান পূর্বাভাসের উপর ভিত্তি করে, এই ঝড় ভারী তুষারপাত এবং ঝোড়ো হাওয়ার সমন্বয়ে বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতি এবং সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাট সৃষ্টি করতে পারে, সেই সাথে উপকূলীয় এলাকার নিচু অঞ্চলে বন্যা সৃষ্টি করতে পারে। নিউ ইয়র্কবাসীদের স্থানীয় আবহাওয়ার প্রতিবেদন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে এবং ভ্রমণের সময় চরম সতর্কতা অবলম্বন করতে অনুরোধ করা হচ্ছে।

"আরেকটি ঝড় নিউ ইয়র্কে সম্ভাব্য ভারী তুষারপাত, শক্তিশালী বাতাস এবং সম্ভাব্য উপকূলীয় বন্যা সহ ডাউনস্টেটের উপর প্রভাব ফেলতে যাচ্ছে," **গভর্নর কুওমো বলেছেন।** "আমি রাষ্ট্রীয় সংস্থাগুলোকে নির্দেশ দিয়েছি সমস্ত জরুরী প্রতিক্রিয়ার সংস্থান প্রস্তুত করতে এবং তারা আমাদের যে কোন স্থানীয় অংশীদারকে সাহায্য করার জন্য প্রস্তুত, যাদের আগামী দিনে সাহায্যের প্রয়োজন হতে পারে। অবিলম্বে যাতে বিদ্যুৎ বিভ্রাটের সমাধান করা যায় তা নিশ্চিত করতে আমরা ইউটিলিটি কোম্পানিগুলোর প্রতিক্রিয়া খতিয়ে দেখব। ইতিমধ্যে, আমি সকল নিউ ইয়র্কবাসীকে তাদের স্থানীয় পূর্বাভাসের প্রতি মনোযোগ দিতে এবং শীতকালীন আবহাওয়ার এই সাম্প্রতিক রাউন্ডের জন্য তাদের পরিবারের প্রস্তুতি শুরু করার আহ্বান জানাচ্ছি।"

রবিবার গভীর রাতে তুষারপাত শুরু হবে এবং সোমবার সন্ধ্যা পর্যন্ত চলবে বলে আশা করা হচ্ছে, যেখানে 25 মাইল প্রতি ঘন্টায় বাতাস এবং 45 মাইল প্রতি ঘন্টায় বাতাসের দমক আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের কিছু জায়গা এবং নিম্ন হাডসন বরাবর কিছু এলাকায় সোমবার সকালের মধ্যে 12 ইঞ্চি পর্যন্ত তুষারপাত দেখা যেতে পারে। লং আইল্যান্ড এবং কুইন্সের উপকূলীয় এলাকায় বন্যা দেখা দিতে পারে, বিশেষ করে সোমবার উচ্চ জোয়ারের সময় এবং ঝুঁকিপূর্ণ, নিচু স্থানগুলিতে।

আপনার এলাকায় আবহাওয়ার নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইটে যান।

এজেন্সির প্রস্তুতি

পরিবহন বিভাগ (Department of Transportation)

স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন নিম্নলিখিত সংস্থান সহ সাড়া দেওয়ার জন্য প্রস্তুত:

- 1,625 স্নোপ্লাও
- 316টি বড় লোডার
- 175টি মাঝারি ডিউটি প্লাউ
- 52টি টো প্লাউ
- 40টি স্নোব্লোয়ার
- 19টি গ্রেডার
- প্লাউ সহ 11টি পিকআপ ট্রাক

উপরন্তু, পরিবহন বিভাগ তুষার অপসারণ অপারেশনে সহায়তা করার জন্য অন্যান্য অঞ্চল থেকে মিড হাডসন, সাউদার্ন টায়ার এবং লং আইল্যান্ড অঞ্চলে 150 স্নোপ্লাও অপারেটর এবং অন্যান্য সরঞ্জাম মোতায়েন করছে।

নিয়োগ গুলো নিম্নরূপ:

- মধ্য হাডসন অঞ্চল 86 অপারেটর, 10 স্নোপ্লাও এবং দুটি স্নোব্লোয়ার পাচ্ছে
- সাউদার্ন টায়ার 10টি অপারেটর এবং দুটি স্নোব্লোয়ার পাচ্ছে।
- লং আইল্যান্ড 54টি অপারেটর, 10টি স্নোপ্লাও, দুটি স্নোব্লোয়ার, দুইজন সরঞ্জাম পরিচালক প্রশিক্ষক, দুইজন মেকানিক এবং একজন সেফটি অফিসার পাচ্ছে।

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটির 694 জন সুপারভাইজার ও অপারেটর তৈরি রেখেছে যারা সমগ্র স্টেটজুড়ে 249টি বড় স্নো প্লাউ, 100টি মাঝারি স্নো প্লাউ, 11টি টো প্লাউ এবং 61টি লোডার সহ প্রস্তুত কাজে নিয়োজিত করার জন্য এবং 119,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করার জন্য প্রস্তুত।

থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আই ফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোডের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান এখানে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল উপলভ্য সম্পদ যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 5,500 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের দ্বারা সর্বাধিক প্রভাব অনুভূত অঞ্চলে স্থানান্তরিত হচ্ছে তা নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA)/ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং ক্যানাল কর্পোরেশনের কর্মীরা পূর্বাভাসকৃত আবহাওয়ার জন্য প্রস্তুতি নিয়েছে যাতে সমস্ত সুবিধা, সম্পদ এবং সরঞ্জাম সুরক্ষিত এবং প্রস্তুত থাকে। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ (Power Authority) ও প্রস্তুত।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত সৈন্য মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার গাড়ি, এবং ইউটিলিটি টাস্ক ভেহিকল সহ সকল রাজ্য পুলিশের বিশেষ যানবাহন মঞ্চস্থ করা হয়েছে এবং তাৎক্ষণিক প্রতিক্রিয়ার জন্য প্রস্তুত। সকল ট্রুপ জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

<u>মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথারিটি (Metropolitan Transportation Authority, MTA)</u>
একটি শীতকালীন ঝড় আসন্ন অবস্থায়, মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) কর্মীরা ঝড় এবং তার পরবর্তী সময় জুড়ে নিরাপদ, নির্ভরযোগ্য পরিষেবা নিশ্চিত করার জন্য কঠোর পরিশ্রম করছেন। MTA কর্মীরা লবণ ছড়াতে এবং প্ল্যাটফর্ম এবং সিঁড়ি থেকে তুষার এবং বরফ পরিষ্কার করতে, সিগন্যাল, সুইচ, তৃতীয় রেল চালু অবস্থায় রাখতে, ট্র্যাকে পরে যাওয়া গাছ সরাতে, এবং ঝড়ের সময় যে কোন আবহাওয়া সংক্রান্ত চ্যালেঞ্জের মুখোমুখি হতে প্রস্তুত।

MTA ব্রিজেস অ্যান্ড টানেলস (MTA Bridges and Tunnels) সোমবার সকাল 4-টায় একটি খালি এবং ট্যানডেম ট্র্যাক্টর ট্রেলারের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করছে স্বতস্ফূর্তভাবে। বাসগুলি কম যাত্রী হওয়ার প্রত্যাশায় কম পরিষেবা পরিচালনা করবে। সকল লোকাল বাসেও টায়ার চেইন লাগানো হবে। রবিবার রাত থেকে আর্টিকুলেটেড বাসগুলি ছোট বাস দ্বারা প্রতিস্থাপিত হবে।

গ্রাহকদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে, সর্বশেষ সার্ভিস আপডেটের জন্য mta.info দেখতে, এবং সিস্টেম পরিভ্রমণের সময়, বিশেষ করে বাইরের প্ল্যাটফর্ম এবং সিঁড়িতে চরম সতর্কতা ব্যবহার করতে উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, মেট্রো-নর্থ ট্রেনের সময় এবং লং আইল্যান্ড রেল রোড ট্রেনের সময়।

নিরাপত্তা পরামর্শ

<u>শীতকালীন নিরাপত্তা</u>
নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:
- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে, নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই

রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ে মৃত্যু এবং আহত হওয়ার প্রধান কারণ হচ্ছে পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানোর আগে, আপনার গাড়ি থেকে বরফ এবং তুষার পরিষ্কার করা নিশ্চিত করুন; ভালো দৃশ্যমানতা ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। সব সময় রাস্তা এবং আবহাওয়ার সাথে আপনার গতি মেলান।

সব সড়কের গাড়িচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে রাস্তায় ছিটানো লবণ ড্রাইভিং লেন ছাড়িয়ে রাস্তার বাইরে চলে না যায় তা নিশ্চিত করতে তুষার-অপসারণ-যন্ত্র ঘণ্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই প্রদত্ত নির্ধারিত গতি সীমার চেয়ে কম। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়ির চালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও চালকদের দৃষ্টিসীমা সীমিত থাকে এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলোর দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য হয়। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

<u>বন্যা নিরাপত্তা</u>

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।

- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-নিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।
- হাতে দুর্যোগ সরবরাহ রাখুন, এগুলো সহ:

    - টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি;
    - ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি;
    - ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল;
    - জরুরি খাদ্য এবং জল;
    - অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার;
    - অপরিহার্য ওষুধ; এবং
    - চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, এটিএম কার্ড।

সকল আবহাওয়া সংক্রান্ত ঘটনা সম্পর্কে আরও নিরাপত্তার পরামর্শের জন্য, www.dhses.ny.gov/oem/safety-info/index.cfmএ DHSES ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন